

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩ ১৭৬

খোয়াই, ২৪ মার্চ, ২০২৫

**খোয়াই মহকুমা ভিত্তিক বসন্ত উৎসব অনুষ্ঠিত**

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং খোয়াই কালচার্যাল সেলের যৌথ উদ্যোগে গতকাল খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় মহকুমা ভিত্তিক বসন্ত উৎসব। প্রদীপ প্রজ্ঞলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুকূল দাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই এলাকার বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের কাউন্সিলর রংমা ধর ঘোষ, বিশিষ্ট সমাজসেবী প্রণব বিশ্বাস, রঞ্জন দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পীয়ুষ কাস্তি চৌধুরী। বসন্ত উৎসবকে কেন্দ্র করে খোয়াই সাংস্কৃতিক সেলের শিল্পীগণ সহ খোয়াই শহরের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের নিয়ে এক বর্ণাত্মক শোভাযাত্রা খোয়াই শহর পরিক্রমা করে। পরে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*